# মক্কায় হামলার নিন্দা জানালেন জামায়াত আমির



জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

পবিত্র মক্কা নগরীকে লক্ষ্য করে চালানো ড্রোন হামলার চেষ্টার নিন্দা জানিয়েছেন জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। হামলাটি হুতিরা চালিয়ে থাকুক কিংবা অন্য কোনো পক্ষই করুক এমন ঘটনা কোনোভাবেই গ্রহণযোগ্য নয় বলে মন্তব্য করেছেন তিনি।

বুধবার (১৬ সেপ্টেম্বর) দুপুরে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে তিনি এ প্রতিক্রিয়া জানান।

পোস্টে শফিকুর রহমান বলেন মক্কা নগরী পবিত্র কাবার কারণে বিশেষ মর্যাদাপূর্ণ। তিনি বলেন, বিশ্বের অন্যতম পবিত্র এই স্থানে যেকোনো ধরনের হামলার বিরুদ্ধে সোচ্চার হওয়া এবং নিন্দা জানানো নৈতিক ও ঈমানি দায়িত্ব। তিনি ঘটনার তীব্র নিন্দা জানিয়ে বলেন হামলাকারী হুতি হোক বা অন্য কেউ এ ধরনের কর্মকাণ্ড গ্রহণযোগ্য নয়।

একই ঘটনায় বাংলাদেশ সরকারও নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তিতে পবিত্র মক্কা আল-মুকাররমা এবং সৌদি আরবের অন্যান্য পবিত্র স্থানের মর্যাদার প্রতি বাংলাদেশের গভীর সম্মানের কথা জানানো হয়েছে। পাশাপাশি পবিত্র স্থানগুলোর সুরক্ষায় সৌদি আরব ও দেশটির জনগণের প্রতি পূর্ণ সংহতি প্রকাশ করেছে বাংলাদেশ।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়েছে পবিত্র স্থানগুলোর নিরাপত্তা ও সুরক্ষা সব পরিস্থিতিতে সম্পূর্ণভাবে বজায় রাখা ও নিশ্চিত করা প্রয়োজন।

এর আগে সৌদি আরবের পক্ষ থেকে মক্কার দিকে হুতি বিদ্রোহীদের ছোড়া একটি ড্রোন ভূপাতিত করার দাবি করা হয়। সৌদি নেতৃত্বাধীন জোটের মুখপাত্র তুর্কি আল-মালিকি জানান মঙ্গলবার সন্ধ্যায় ড্রোনটি সংরক্ষিত আকাশসীমায় প্রবেশের আগেই সৌদি আকাশ প্রতিরক্ষা বাহিনী সেটি ধ্বংস করে।

ওই দিন মক্কা নগরীতে নিরাপত্তা সতর্কতাও জারি করেছিল সৌদি কর্তৃপক্ষ। ২০১৭ সালের পর প্রথমবারের মতো পবিত্র শহরটিকে ঘিরে এমন সতর্কতা জারি করা হয়। কয়েক মিনিট পর অবশ্য সতর্কতাটি প্রত্যাহার করা হয়। একই সময়ে জেদ্দা ও তায়েফ শহরেও নিরাপত্তা সতর্কতা জারি করা হয়েছিল।

তবে ইয়েমেনের রাষ্ট্রীয় সংবাদ সংস্থা সাবাকে দেওয়া এক বিবৃতিতে হুতিদের একটি সামরিক সূত্র মক্কা বা অন্য কোনো পবিত্র স্থানকে লক্ষ্য করে হুমকি দেওয়ার অভিযোগ অস্বীকার করেছে। তাদের দাবি এমন বক্তব্য সম্পূর্ণ মিথ্যা।